গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-১০
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-৩৭.০০.০০০০.০৭১

তারিখ ঃ ১৬ ভাদ্র ১৪২২ / ৩১ আগস্ট ২০১৫

**বিষয় ঃ কর্মজীবি মায়ের সহায়তায় ব্রেস্টফিডিং কর্ণার ক্রেশ, শিশু যত্ন কেন্দ্র স্থাপন সংক্রান্ত।**

সূত্র ঃ বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশনের স্মারক নং-৬৩৪৫/১১/বিবিএফ/১৫; তারিখ: ২০-০৭-২০১৫

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে বর্ণিত পত্রের ছায়ালিপি এ সঙ্গে প্রেরণ করা হলো। পত্রে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

(মোঃ মুহিবুর রহমান)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৬৭৮০

মহাপরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,
শিক্ষা ভবন, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.১৮.০০২.১৫-২০০০৬/৪০০ -জিঅ তারিখ: ১৭/০৯/২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। অধ্যক্ষ (সকল)----------------------------------------
(শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৪। উপ-পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,------------------অঞ্চল,-----------------
(শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৫। জেলা শিক্ষা অফিসার (সকল), জেলা:---------------------------
(শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৬। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাউশি'র ওয়েব সাইটে আদেশটি প্রকাশের অনুরোধসহ)।
৭। প্রধান শিক্ষক (সকল), ----------------------------------------
(শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), উপজেলা:------------------জেলা:------------------
(শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৯। প্রশাসনিক কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১০। সংরক্ষণ নথি।

(এ টি এমআল ফাত্তাহ)
সহকারী পরিচালক (সা: প্র:)
☎ ৯৫৫৬৪৩২

D:\LETTER\LETTER (INDOS)_NIKOSH.doc

# BANGLADESH BREASTFEEDING FOUNDATION
# বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন
Protection, Promotion and Support of Breastfeeding

বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন

স্মারকনং: ৬৩৪৫/১১/বিবিএফ/১৫

২০ জুলাই ২০১৫
শিক্ষা মন্ত্রণালয়
যুগ্ম-সচিব (মাধ্যমিক-২)
ডায়রী নং- ২২৮০

জনাব মো. নজরুল ইসলাম খান
সচিব
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিষয়: কর্মজীবি মায়ের সহায়তায় ব্রেস্টফিডিং কর্ণার, ক্রেশ, শিশু যত্ন কেন্দ্র স্থাপন করার অনুরোধ প্রসঙ্গে।

জনাব,
আপনি অবগত আছেন যে, ১৯৯২ সাল থেকে প্রতি বছর ১-৭ আগষ্ট বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ সারাবিশ্বের সাথে বাংলাদেশেও পালিত হয়ে আসছে এবং ২০১০ সাল থেকে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে সরকারীভাবে জাতীয় পর্যায়ে পালিত হচ্ছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন (বিবিএফ) একযোগে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ ২০১৫ পালনের উদ্যোগ নিচ্ছে।

বিশ্বব্যাপী এই বৎসর বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে "**Breastfeeding and Work, Let's make it work!**" অর্থাৎ **"কাজের মাঝে শিশু করবে মায়ের দুধ পান, সবাই মিলে সবখানে করি সমাধান"**। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণাক্রমে সরকারী প্রতিষ্ঠানে মাতৃত্বকালীন ছুটি সবেতন ৬ মাস কার্যকরি হয়েছে। বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ ২০০৯ সালে মাননীয় প্রধানমন্ত্রী বেসরকারী প্রতিষ্ঠানেও মাতৃত্বকালীন ছুটি বেতন সহ বাড়ানোর জন্য অনুরোধ করেন এবং অল্পসংখ্যক প্রতিষ্ঠান তা কার্যকর করে (সংযুক্তি-১)। মাননীয় প্রধানমন্ত্রী ২০০৯, ২০১০, ২০১১ সালে সকল প্রতিষ্ঠান অফিস, আদালত, শপিংমল, ব্যাংক, বীমা, হাসপাতাল, সরকারী ও আধাসরকারী সকল প্রতিষ্ঠানে মাতৃদুগ্ধ পানের সুব্যবস্থা এবং শিশু যত্ন কেন্দ্র স্থাপনের নির্দেশ দেন। কিন্তু বিভিন্ন কর্মস্থলে মাতৃদুগ্ধ দান কক্ষ, ক্রেশ, শিশু যত্ন কেন্দ্র ইত্যাদি সহ মা ও শিশু যত্ন কেন্দ্রের অভাব লক্ষ্যণীয়।

বিভিন্ন গবেষণায় দেখা গেছে কর্মস্থলে যদি মা শিশুকে দুধ খাওয়াতে পারে এবং শিশু মায়ের কাছাকাছি থাকতে পারে তবে মা চিন্তামুক্ত ভাবে কজ করতে পারবে। ফলে কাজের মনযোগ, উৎপাদন বৃদ্ধি, চাকুরীর নিরাপত্তা, নিয়োগকারী সংস্থার এবং জাতীয় আর্থ- সামাজিক অবস্থার উন্নতি হবে।

এবারের বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহের গুরুত্বপূর্ণ বিষয় "মাতৃত্বকালীন সুরক্ষা" আপনার প্রতিষ্ঠানে মাতৃদুগ্ধ দান কক্ষ, ক্রেশ, শিশু যত্ন কেন্দ্র স্থাপন করার জন্য সহৃদয় বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণের সনিবন্ধ অনুরোধ জানাচ্ছি। উক্ত মাতৃদুগ্ধ দান কক্ষ, ক্রেশ, শিশু যত্ন কেন্দ্রে প্রশিক্ষণ, IEC উপকরন বা সরঞ্জামাদি বিবিএফ হতে প্রদান করা হবে।

শিক্ষা সচিবের দপ্তর
ডায়রী নং ২৪৫০ তারিখঃ
☐ অতিঃ সচিব (প্রশাঃ ও অর্থ) ☐ অতিঃ সচিব (উন্নয়ন)
☐ অতিঃ সচিব (বিশ্ববিদ্যালয়) ☐ অতিঃ সচিব (অডিট ও আইন)
☐ অতিঃ সচিব (কারিগরী) ☐ প্রধান (পরিকল্পনা)
☐ অতিঃ সচিব (মাদ্রাসা) ☐ যুগ্ম-সচিব (মাধ্যঃ-১)
☐ যুগ্ম-সচিব (কলেজ) ☐ যুগ্ম-সচিব (মাধ্যঃ-২)
সচিব

আপনার বিশ্বস্ত,

ড. এস কে রায়
এমবিবিএস, এমএসসি পুষ্টি (লন্ডন), ডিপ-ইন-বায়োটেক (ইউএনইউ), পিএইচডি (লন্ডন), এফআরসিপি (এডিনবরা)
চেয়ারপার্সন, বোর্ড অব ট্রাস্টিজ
বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন

**Institute of Public Health (IPH),** Room # 197-200 (Ground Floor), Mohakhali, Dhaka-1213, Bangladesh, Phone: 880-2-9860801, 8831134
Mobile: 01943-220587, Fax: 880-2-9860801, E-mail: skroy1950@gmail.com, info@bbf-bangladesh.org, Website: www.bbf-bangladesh.org
আইপিএইচ, রুম # ১৯৭-২০০ (নীচতলা), মহাখালী, ঢাকা-১২১৩, বাংলাদেশ। ফোনঃ ৮৮০-২-৯৮৬০৮০১, ৮৮৩১১৩৪; মোবাইলঃ ০১৯৪৩-২২০৫৮৭

-৮৬-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ৩৩.৩৯.১৭.০০.০০.০৫.২০০৯-৮৬

তারিখ ০৮পৌষ ১৪১৬ বাংলা
২২ ডিসেম্বর ২০০৯ খ্রিঃ

বিষয় ঃ বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ -২০০৯ এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/ঘোষণা বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী গত ০২-০৮-২০০৯ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশনের আয়োজনে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ -২০০৯ উদ্বোধন করেন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী নিম্নবর্ণিত ঘোষণা দেন ঃ

১. অফিস আদালত, শপিং মল,ব্যাংক, বীমা, হাসপাতাল,সরকারী ও আধা সরকারী সকল প্রতিষ্ঠানে মাতৃদুগ্ধ পানের সু-ব্যবস্থা এবং ডে-কেয়ার সেন্টার প্রতিষ্ঠা করা;

২. শিশুদের মাতৃদুগ্ধ ও উপযুক্ত সম্পূরক খাবার ও মায়ের পুষ্টি সম্পর্কে কার্যক্রম জোরদার করার লক্ষ্যে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সাথে বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশনকে একযোগে কাজ করা;

৩. মাতৃত্বকালীন ছুটির মেয়াদকাল ৪ থেকে ৬ মাসে বৃদ্ধি করা( বেতনসহ ৪ মাস ইচ্ছে করলে বিনা বেতনে আরো ২ মাস);

৪. বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশনকে একটি শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা;

৫. আগামী বছর থেকে ১-৭ আগস্ট জাতীয় মাতৃদুগ্ধ সপ্তাহ হিসেবে সরকারীভাবে পালন করা;

৬. দেশের প্রতিটি বিদ্যালয় ও হাসপাতালে শিশু মনোবিজ্ঞানী নিয়োগপূর্বক শিশুর মেধা ও মানসিক বিকাশের ব্যবস্থা করা;

২। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত উক্ত ঘোষণা/প্রতিশ্রুতিসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২/১২/০৯

(মোঃ শওকত আকবর)
পরিচালক-২ (উন্নয়ন ও সমন্বয়)
ফোনঃ ৮১৫১৩১২ (অঃ)
ই-মেইলঃ dirdcc2@pmo.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১. সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অবগতির জন্য অনুলিপি ঃ
১. চেয়ারম্যান, বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন, মমতাজমহল, বাড়ী নং-৪৭৩,রোড নং-৩১, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা।

PMO\D.(Meeting)LETTER.doc- 71-12/22/2009-1:34 PM